গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.mopa.gov.bd

জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য গঠিত বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব কে এম আলী আজম সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়।
সভার তারিখ	:	৩১ মে ২০২২
সময়	:	সকাল ১১.০০ টায়
সভায় উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট-'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের কার্যাদির ভিত্তিতে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, সিনিয়র সচিবের দপ্তর, অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের দপ্তর এবং প্রত্যেক অনুবিভাগ হতে গ্রেড-০২ হতে গ্রেড-০৯ ভুক্ত ০১(এক) জন; গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ০১(এক) জন এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ০১(এক) জন অর্থাৎ মোট ০৩(তিন) জন সরকারি কর্মচারীকে মনোনয়ন প্রদানপূর্বক তাঁদের তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সকল অনুবিভাগ এবং দপ্তর থেকে এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যায়।

০২। সভায় জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ-৩ এ বর্ণিত পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ, অনুচ্ছেদ-৪ এ উল্লিখিত সূচকসমূহ এবং অনুচ্ছেদ-৫ এ নির্ধারিত পুরস্কার প্রাপ্তির যোগ্যতা ও তথ্যাদির বিষয়ে আলোচনা হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক কমিটি নীতিমালার অনুচ্ছেদ-৪ এ বর্ণিত সূচক (Indicator)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করেন।

০৩। সভায় বিভিন্ন অনুবিভাগ/দপ্তর হতে মনোনয়নকৃত যথাক্রমে : গ্রেড-০২ হতে গ্রেড-০৯ ভুক্ত; গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মকর্তা/কর্মচারীগণের সংশ্লিষ্ট তথ্যাদিও পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায় যে, বিভিন্ন অনুবিভাগ ও দপ্তরসমূহ হতে পুরস্কার প্রদানের উদ্দেশ্যে গ্রেড-০২ হতে গ্রেড-০৯ ক্যাটাগরিতে সর্বমোট ১০(দশ) জন সরকারি কর্মচারীকে; গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ক্যাটাগরিতে সর্বমোট ১০(দশ) জন সরকারি কর্মচারীকে এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ক্যাটাগরিতে ১১(এগার) জন সরকারি কর্মচারীকে মনোনয়ন প্রদান করা হয়েছে। সভায় জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ-৪ এ উল্লিখিত সূচকসমূহের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণ করে সামগ্রিক মূল্যায়ন সম্পন্ন করা হয়।

০৪। সার্বিক মূল্যায়নে অর্জিত সর্বোচ্চ নম্বর প্রাপ্তির ভিত্তিতে গ্রেড-০২ হতে গ্রেড-০৯ ক্যাটাগরিতে ১০(দশ) জন সরকারি কর্মচারীর মধ্যে জনাব মোঃ তোফাজ্জল হোসেন, অতিরিক্ত সচিব, সিআর অধিশাখা; গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ক্যাটাগরিতে ১০(দশ) জন সরকারি কর্মচারীর মধ্যে জনাব মুহাম্মদ ওয়াসীম-বিন-মঈন, প্রশাসনিক কর্মকর্তা, শৃঙ্খলা-২ শাখা এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ক্যাটাগরিতে ১১(এগার) জন সরকারি কর্মচারীর মধ্যে জনাব সাইফুল ইসলাম, অফিস সহায়ক, এপিডি অনুবিভাগ-কে ২০২১-২২ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার পুরস্কারের জন্য সর্বসম্মতিক্রমে নির্বাচন করা হয়।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

০৫। এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান ০৭(সাত) জন কর্মকর্তার মধ্যে পদবি, কর্মকাল ও পূর্বে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রসমূহ পর্যালোচনান্তে ০২(দুই) জন দপ্তর/সংস্থার প্রধান শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য যোগ্য বিবেচিত হন। সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দের পর্যালোচনা ও মূল্যায়নের ভিত্তিতে ০১(এক) জন দপ্তর/সংস্থা প্রধান জনাব আ. কা. মোঃ দিনারুল ইসলাম, মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-কে শুদ্ধাচার পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়।

০৬। সভায় সার্বিক বিবেচনায় যথাক্রমে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা প্রধানদের মধ্যে হতে নিম্নোক্ত সরকারি কর্মচারীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়-

ক) গ্রেড-০২ হতে গ্রেড-০৯ ভুক্ত ক্যাটাগরিতে জনাব মোঃ তোফাজ্জল হোসেন, অতিরিক্ত সচিব, সিআর অধিশাখা;

খ) গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ক্যাটাগরিতে জনাব মুহাম্মদ ওয়াসীম-বিন-মঈন, প্রশাসনিক কর্মকর্তা, শৃঙ্খলা-২ শাখা;

গ) গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ক্যাটাগরিতে জনাব সাইফুল ইসলাম, অফিস সহায়ক, এপিডি অনুবিভাগ; এবং

ঘ) দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য হতে জনাব আ. কা. মোঃ দিনারুল ইসলাম, মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কে এম আলী আজম)
সিনিয়র সচিব
ও সভাপতি
শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি
জনপ্রশাসন মন্ত্রণালয়।

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০১৪.১৮-৭০৭

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০৫ জুন ২০২২

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. অতিরিক্ত সচিব (এপিডি) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪. অতিরিক্ত সচিব (সিপিটি) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫. অতিরিক্ত সচিব (সওব্য) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬. অতিরিক্ত সচিব (বিধি) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭. অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৮. অতিরিক্ত সচিব (আইন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯. অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষনা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. অতিরিক্ত সচিব (শৃঙ্খলা-১ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. যুগ্মসচিব (শৃঙ্খলা-২ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য); এবং
১৪. অফিস কপি/মাস্টার কপি।

০৫.০৬.২২

(মেহেদী হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২২২৩৩৫৪০৮১
ইমেইল: dis3@mopa.gov.bd